

বিজ্ঞপ্তি নং- ৩১৬

জি,

তারিখঃ ১১/১০/২০১৫ খ্রিঃ


বিষয়ঃ আগামী ১ নভেম্বর ২০১৫ খ্রি. থেকে বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের কার্যতালিকা (Cause List) সুপ্রীম কোর্টের ওয়েবসাইটের (www.supremecourt.gov.bd) মাধ্যমে অনলাইনে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ এবং উক্ত অনলাইন কার্যতালিকায় সঠিকভাবে তথ্য প্রবিষ্টকরণ (Input) এর নির্দেশনা সংক্রান্ত।

নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১ নভেম্বর ২০১৫ খ্রি. থেকে বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের কার্যতালিকা সুপ্রীম কোর্টের ওয়েবসাইটের (www.supremecourt.gov.bd) মাধ্যমে অনলাইনে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উপরি-উল্লিখিত তারিখ হতে ০৩ (তিন) মাস পরীক্ষামূলকভাবে কাগজে ছাপা ও অনলাইন কার্যতালিকা ব্যবস্থা একত্রে চালু থাকার পর, কাগজে কার্যতালিকা ছাপা সম্পূর্ণরূপে বন্ধ করে দেওয়া হবে।

২। এমতাবস্থায়, আপীল বিভাগের কার্যতালিকা প্রস্তুতের দায়িত্বে নিযুক্ত সংশ্লিষ্ট ডেপুটি রেজিস্ট্রার এবং হাইকোর্ট বিভাগের প্রত্যেক বেঞ্চের বেঞ্চ অফিসার ও সহকারী বেঞ্চ অফিসারগণকে পূর্বদিন সন্ধ্যা ৬.০০ ঘটিকার মধ্যে পরবর্তী দিনের মামলার অনুমোদিত কার্যতালিকা বিনা ব্যতিক্রমে বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রবিষ্ট করানোর জন্য নির্দেশ দেওয়া যাচ্ছে।

৩। পূর্বদিন সন্ধ্যা ৬.০০ ঘটিকার পরে পরবর্তী দিনের মামলার কার্যতালিকা সংশ্লিষ্ট বেঞ্চের মাননীয় বিচারপতি/বিচারপতিগণের অনুমতি ছাড়া কোনো অবস্থাতেই পরিবর্তনযোগ্য নয়।

৪। এ সংক্রান্তে গঠিত মনিটরিং কমিটি প্রতিদিনের কার্যতালিকা মনিটর করবে এবং আগামী ১৫/১১/২০১৫ খ্রি. হতে অনলাইন কার্যতালিকায় তথ্য সঠিকভাবে প্রবিষ্ট করানোতে সংশ্লিষ্টদের কারো কোনো অবহেলা পরিলক্ষিত হলে তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।



(সৈয়দ আমিনুল ইসলাম)
রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ফোনঃ ৯৫৬২৭৮৫
rg@supremecourt.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ- ১১৬৫১ (১১) ৩১/১০/১৫

- ১। আবু সৈয়দ দিলজার হোসেন, রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ২। মোঃ জাকির হোসেন, রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
- ৩। হোসনে আরা আকতার, স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ, সভাপতি, অনলাইন কজলিস্ট মনিটরিং কমিটি।
- ৪। এস, এম, এরশাদুল আলম, অতিরিক্ত রেজিস্ট্রার (সার্বিক), হাইকোর্ট বিভাগ
- ৫। মোঃ আজিজুল হক, ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার), হাইকোর্ট বিভাগ
- ৬। মোঃ শামীম সুফী, গবেষণা ও তথ্য কর্মকর্তা, আপীল বিভাগ
- ৭। মেহনাজ সিদ্দিকী, সহকারী রেজিস্ট্রার (বেঞ্চ ও ডিক্রি), হাইকোর্ট বিভাগ
- ৮। মনিশংকর দত্ত, প্রোগ্রামার, হাইকোর্ট বিভাগ।
- ৯। ডেপুটি রেজিস্ট্রার, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।
- ১০। বেঞ্চ অফিসার, হাইকোর্ট বিভাগ.....(সকল)।
- ১১। সহকারী বেঞ্চ অফিসার, হাইকোর্ট বিভাগ.....(সকল)।
- ১২। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা [সার্কুলারটি বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

সদস্য, অনলাইন
কজলিস্ট মনিটরিং
কমিটি